গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
পরিকল্পনা-২ শাখা
www.rdcd.gov.bd

"বঙ্গবন্ধুর দর্শন
সমবায়ে উন্নয়ন"

স্মারক নম্বর: ৪৭.০০.০০০০.০৩৮.১৪.০০৯.২৩.৪৯ তারিখ: ১৯ বৈশাখ ১৪৩১
০২ মে ২০২৪

বিষয়: **বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমূখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (PSC) ৩য় সভার কার্যবিবরণী।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) কর্তৃক বাস্তবায়নাধীন "বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন" শীর্ষক প্রকল্পের ৩য় স্টিয়ারিং কমিটি (পিএসসি)'র সভার অনুমোদিত কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: কার্যবিবরণী ।

২-৫-২০২৪
মোহাম্মদ মিজানুর রহমান
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ২২৩৩৫১১৩৯
ফ্যাক্স: +৮৮-০২-৯৫১৪২৭৭
ইমেইল:
plan2.section@rdcd.gov.bd

বিতরণ :
১) সচিব, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়,ঢাকা।
২) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৩) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, পরিকল্পনা বিভাগ
৪) সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৫) সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, কৃষি পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) অতিরিক্ত সচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৮) যুগ্মসচিব, পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
৯) ব্যবস্থাপনা পরিচালক , বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী

সমবায় ইউনিয়ন লি: (মিল্কভিটা)
১০) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১১) প্রকল্প পরিচালক, “বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন” শীর্ষক প্রকল্প, মিল্কভিটা, দুগ্ধ ভবন, ১৩৯-১৪০, তেজগাঁও, ঢাকা।, ঢাকা
১২) সিস্টেম এনালিস্ট , আইসিটি ইউনিট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ
১৩) সিনিয়র সহকারী সচিব, এপিএ সেল, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**
**পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ**
**পরিকল্পনা শাখা-২**

**বিষয়: বাংলাদেশ দুগ্ধ উৎপাদনকারী সমবায় ইউনিয়ন লিমিটেড (মিল্কভিটা) কর্তৃক বাস্তবায়নাধীন "বৃহত্তর ফরিদপুরের চরাঞ্চল এবং পার্শ্ববর্তী এলাকায় গবাদিপশুর জাত উন্নয়ন ও দুগ্ধের বহুমুখী ব্যবহার নিশ্চিতকরণ কারখানা স্থাপন প্রকল্পের প্রকল্প স্টিয়ারিং কমিটির (PSC) ৩য় সভার কার্যবিবরণী।**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মোসাম্মৎ হামিদা বেগম<br>সিনিয়র সচিব<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার স্থান | : | সম্মেলন কক্ষ<br>পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| তারিখ | : | ১৮/০৪/২০২৪ খ্রি: |
| সময় | : | দুপুর ১২.৩০ ঘটিকা |
| সভার উপস্থিতি | : | পরিশিষ্ট-ক |

**২.০ উপস্থাপনা ও আলোচনা:**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে অতিরিক্ত সচিব, (পরিকল্পনা ও উন্নয়ন) আলোচ্যসূচি অনুযায়ী উপস্থাপনের জন্য প্রকল্প পরিচালককে অনুরোধ করেন। প্রকল্প পরিচালক আলোচ্যসূচি অনুযায়ী কার্যপত্র উপস্থাপন করেন, যা নিম্নরুপ।

**২.১ গত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ:**

| আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|
| সভায় জানানো হয়, ১৪/১১/২০২৩ তারিখে অনুষ্ঠিত প্রকল্পের স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরণ করা হয়েছে। প্রেরিত কার্যবিবরণীতে কোন সংশোধনী প্রস্তাব থাকলে তা সভায় অবহিতকরণের জন্য অনুরোধ করা হয়। কোন সংশোধনী প্রস্তাব না থাকায় কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যেতে পারে। | কোন সংশোধনী প্রস্তাব না থাকায় স্টিয়ারিং কমিটির ২য় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হলো। |

**২.২ গত স্টিয়ারিং কমিটির সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**

| ক্র: নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ১। | ডিএসএল এর কিস্তি পরিশোধ করে প্রমাণকসহ অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করতে হবে। | সিদ্ধান্ত বাস্তবায়িত হয়েছে। ডিএসএল এর কিস্তি পরিশোধ করে প্রমাণকসহ অর্থ ছাড়ের প্রস্তাব প্রেরণ করা হয়েছে এবং গত ১৩/০২/২০২৪ তারিখে অর্থ ছাড়ের জিও জারি করা হয়েছে। |
| ২। | প্রকল্পের বাস্তবায়ন কার্যক্রম এবং প্রশিক্ষণ কার্যক্রম পর্যবেক্ষণের জন্য মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত করতে হবে। | প্রকল্প বাস্তবায়ন কমিটি (পিআইসি) তে মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত আছে। প্রকল্পের পরবর্তী প্রশিক্ষণ কার্যক্রমে মন্ত্রণালয়ের প্রতিনিধি অন্তর্ভুক্ত করা হবে। |

| ক্র: নং | গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| ৩। | ২০২২-২৩ অর্থ বছরের উপস্থাপিত অংশে আর্থিক ও বাস্তব অগ্রগতির অসামঞ্জস্যতা সংশোধন করে পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে। সমবায়ীদের প্রশিক্ষণ সমাপ্তির পরপরই গাভী ক্রয়ের ঋণ, গো-খাদ্য বাবদ অর্থ ও দুগ্ধ সংগ্রহের জন্য মিল্ক ক্যান সমিতি'র সদস্যদের মধ্যে সরবরাহ করতে হবে। | ক। অনুমোদিত ডিপিপি'র প্রাক্কলিত একক দরের থেকে অধিক মূল্যে বুলের ফ্রোজেন সিমেন ও ঘাসের বীজ ক্রয় করায় আর্থিক ব্যয় বাস্তব পরিমানের তুলনায় বেশি হয়েছে।<br>খ। অনুমোদিত ডিপিপি'র সংস্থান অনুযায়ী ০৭ টি দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের ফার্ম কুলার এবং ০১ টি মিনি ডেইরী প্লান্ট ক্রয়ের জন্য মোট বরাদ্দ ছিল ১৫০.০০ লক্ষ টাকা। ০১ টি মিনি ডেইরী প্লান্টের আনুষাঙ্গিক যন্ত্রপাতি ক্রয়ে আনুমানিক ১১০.০০ লক্ষ টাকা হতে ১২০.০০ লক্ষ টাকা ব্যয় হতে পারে। অপর দিকে প্রতিটি ২০০০ লি: ধারণ ক্ষমতার ফার্ম কুলার ক্রয়ে ব্যয় হয়েছে ৫.৬৫ লক্ষ টাকা। সুতরাং ০৭ টি ফার্ম কুলার ও ০১ টি মিনি ডেইরী প্লান্ট কে একত্রে ০৮ টি ইউনিট হিসেবে চিহ্নিত করে আর্থিক ও বাস্তব অগ্রগতি হিসাব করতে গড়মিল মনে হয়েছে। |
| ৪। | নির্ধারিত সময়ের মধ্যে কার্যক্রম সম্পাদনের জন্য কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা পুনরায় প্রস্তুত করে ডিসেম্বর, ২০২৩ এর ৩য় সপ্তাহে পুনরায় পিএসসি সভা আহবান এবং অবশিষ্ট অর্থে বিশেষায়িত ৮টি গাড়ি ক্রয় করা সম্ভব হবে কিনা যাচাইপূর্বক পরবতী পিএসসি সভায় উপস্থাপন করতে হবে। | আরএডিপিতে বরাদ্দ অনুযায়ী প্রকল্পের কর্মপরিকল্পনা ও ক্রয় পরিকল্পনা প্রস্তুত করা হয়েছে। অবশিষ্ট অর্থে (৪৯২.৪০ লক্ষ টাকা) বিশেষায়িত ০৮ টি গাড়ি যথা- ১.৫ টন আইসক্রিম ফ্রিজিং ভ্যান-২টি (৮০.০০*২=১৬০.০০ লক্ষ টাকা), ১ টন রেফ্রিজারেটেড কভার্ড ভ্যান-৪টি (৬০.০০*৪=২৪০.০০ লক্ষ টাকা), অনূর্ধ্ব ২৫০০ সিসি ডাবল কেবিন পিক-আপ-১ টি (৫৬.২০ লক্ষ টাকা) ও ৩ টন ট্রাক-১টি (৩১.৭৫ লক্ষ টাকা) সর্বমোট আনুমানিক প্রাক্কলিত মূল্য (১৬০.০০+২৪০.০০+৫৬.২০+৩১.৭৫)=৪৮৭.৯৫ লক্ষ টাকা যা বর্তমান বাজার অনুযায়ী ক্রয় করার সর্বাত্মক চেষ্টা করা হবে। |
| ৫। | দরপত্র আহবানের অংশ হিসেবে মেশিনারীজের টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি ও পূর্ত কাজের প্রাক্কলন তৈরির জন্য কমিটি গঠনের মাধ্যমে এখন হতেই কার্যক্রম শুরু করতে হবে। | টেকনিক্যাল স্পেসিফিকেশন তৈরি ও পূর্ত কাজের প্রাক্কলন তৈরির জন্য কমিটি গঠনসহ সার্বিক কার্যক্রম শুরু করা হয়েছে। |
| ৬। | ২০২৩-২৪ অর্থ বছরের বরাদ্দকৃত অর্থ বছরের অবশিষ্ট সময়ের মধ্যে সঠিকভাবে ব্যয়ের জন্য কর্মপরিকল্পনা প্রণয়ন করে ০২ (দুই) সপ্তাহের মধ্যে প্রেরণ করতে হবে। | আরএডিপি বরাদ্দ অনুযায়ী কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। |

### ৩.১ প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা :

প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পটির বাস্তবায়নকাল: জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৫ খ্রি: পর্যন্ত। প্রাক্কলিত ব্যয়: সংশোধিত-৩৮৭৪৯.০০ লক্ষ টাকা (জিওবি: ৩৭২৪৯.০০ লক্ষ টাকা ও মিল্কভিটা: ১৫০০.০০ লক্ষ টাকা)। প্রকল্পটি ঢাকা বিভাগের ৪ টি জেলা (ফরিদপুর, গোপালগঞ্জ, রাজবাড়ী ও মাদারীপুর) এবং খুলনা বিভাগের ০৭ টি জেলায় (খুলনা, যশোর, সাতক্ষীরা, নড়াইল, মাগুরা, চুয়াডাঙ্গা ও মেহেরপুর) জেলায় বাস্তবায়িত হচ্ছে।

### ৩.২ প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি:

প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পের অঙ্গভিত্তিক বাস্তব ও আর্থিক অগ্রগতি নিম্নরুপ:

**(লক্ষ টাকা)**

| ক্রমিক নং | অর্থ বছর | বরাদ্দ | অর্থ ছাড় | মোট ব্যয় | ছাড়কৃত অর্থের বিপরীতে ব্যয়ের শতকরা হার (%) |
|---|---|---|---|---|---|
| ১. | ২০১৮-১৯ | ৫৬২৪.০০ | ৫৬২৪.০০ | ৫৩৮৩.৪৯ | ৯৫.৭২% |
| ২. | ২০১৯-২০ | ৪৭৫৪.০০ | ১৫০০.০০ | ১৪১৬.৩৫ | ৯৪.৪২% |
| ৩. | ২০২০-২১ | ৪৯২৩.০০ | ১৫৭৫.৩৬ | ৩৬৬.৮০ | ২৩.২৮% |
| ৪. | ২০২১-২২ | ২২৫৩.০০ | ২২৫২.৫০ | ৪৬৫.৬১ | ২০.৬৭% |
| ৫. | ২০২২-২৩ | ২৮৪.০০ | ২২১.৫৯ | ১৬৪.৫১ | ৭৪.২৪% |
| ৬. | ২০২৩-২৪ | ১৫৭০.০০ | ---- | - | - |
| | **সর্বমোট=** | ১৯৪০৮.০০ | ১১১৭৩.৪৫ | **৭৭৯৬.৭৬** | ৬৯.৭৮% |

আর্থিক অগ্রগতি ২০.১২%, বাস্তব অগ্রগতি ২২.৮১%

| ক্র. নং | প্রকল্পের মুল অঙ্গভিত্তিক কার্যক্রম | লক্ষ্যমাত্রা | অর্জন | বাস্তব অগ্রগতি | আর্থিক অগ্রগতি |
|---|---|---|---|---|---|
| **১.** | প্রকল্প এলাকায় দুগ্ধ উৎপাদকারী প্রাথমিক সমিতি গঠন | ৬০ টি | ৬০ টি | ১০০% | - |
| **২.** | সমবায়ী খামারীকে গাভী ঋণ প্রদান | ৩৭৫০ জন (৯০০০.০০ লক্ষ টাকা) | ২৭৪২ জন (৬৪১৭.০০ লক্ষ টাকা) | ৭৩.১২% | ৭১.৩০% |
| **৩.** | সমবায়ী খামারীদের গবাদি পশু লালন-পালন ও নিরাপদ দুগ্ধ উৎপাদনের ওপর বিভিন্ন ধরণের প্রশিক্ষণ প্রদান | ৩৯৫০ জন (৬৭.৮৬ লক্ষ টাকা) | ১০৩৭ জন (২০.২২ লক্ষ টাকা) | ২৬.২৫% | ২৯.৮০% |
| **৪.** | প্রাণি টিকা ও ঔষধ ক্রয় এবং বিতরণ | ২০০.০০ লক্ষ টাকা | ৮৭.৩৪ লক্ষ টাকা | ৪৫.০০% | ৪৩.৬৭% |
| **৫.** | কৃত্রিম প্রজননের জন্য উন্নত জাতের বুলের সিমেন ক্রয় | ৬০০০ ডোজ (১০.০০ লক্ষ টাকা) | ২৫৫০ ডোজ (৬.৯৭ লক্ষ টাকা) | ৪২.৫০% | ৬৯.৭০% |
| **৬.** | উন্নত জাতের ঘাসের বীজ ক্রয় ও বিতরণ | ১২ টন (৩০.০০ লক্ষ টাকা) | ৪ টন (১৪.৮৯ লক্ষ টাকা) | ৩৩.৩৩% | ৪৯.৬৩% |
| **৭.** | মিল্ক ট্যাংকার, আইসক্রিম ফ্রিজিং ভ্যান, মিল্ক কাভার্ড ভ্যান রেফ্রিজারেটেড কাভার্ড ভ্যান ক্রয়; | ১৪ টি (৭৫৭.৭০ লক্ষ টাকা) | ৬ টি (মিল্ক ট্যাংকার ০৪ টি ও মিল্ক কাভার্ড ভ্যান ০২ টি) (৩৫৬.৩০ লক্ষ টাকা) | ৪২.৮৫% | ৪৭.০২% |
| **৮.** | ১ টি জিপ, ১ টি ট্রাক ও ১টি ডাবল কেবিন পিক-আপ ক্রয় | ৩ টি (১৫১.৩০ লক্ষ টাকা) | ১ টি (০১ টি জিপ) (৬১.৩০ লক্ষ টাকা) | ৩৩.৩৩% | ৪০.৫১% |
| **৯.** | দুগ্ধ শীতলীকরণ কেন্দ্রের জন্য ফার্ম কুলার ক্রয় (৭টি) এবং | ৭ টি (৪০.০০ লক্ষ) | ৭ টি (৩৯.৫৫ লক্ষ) | ১০০% | ৯৮.৮৭% |
| | মিনি ডেইরী প্লান্ট (১টি) নির্মাণ | ১টি (১১০.০০ লক্ষ) | ০ | ০% | ০% |

**৪.০ অন্যান্য আলোচনা :**

৪.১ প্রকল্প পরিচালক নিয়োগের ভূতাপেক্ষ অনুমোদন: উপসচিব পরিকল্পনা-২ শাখা সভাকে জানান যে, বর্তমান প্রকল্পে জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়া পর্যন্ত জনাব খোন্দকার হুমায়ূন কবীর যুগ্মনিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকাকে গত ০৪ এপ্রিল ২০২৪ তারিখে স্মারক নং-৪৭.০০.০০০০.০.৩৪.১৪.০৩৮.২০-৫৫, তারিখ: ০৪/০৪/২০২৪ আদেশমূলে সাময়িক নিয়োগ প্রদান করা হয়। সভায় তাঁর নিয়োগের ভূতাপেক্ষ অনুমোদনের প্রস্তাব করা হয়।

৪.২ প্রকল্প পরিচালক সভাকে জানান যে, প্রকল্পের চলমান প্রশিক্ষণ কার্যক্রম এক দিনের পরিবর্তে দুই দিন করা হলে তা অধিকতর ফলপ্রসু হবে।

৪.৩ পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের প্রতিনিধি জনাব মোছা: জেসমুন নাহার, উপপ্রধান, কার্যক্রম বিভাগ, সভায় জানান যে, প্রকল্পটির কাজের অগ্রগতি যেহেতু কম সেহেতু প্রকল্পটি অসমাপ্ত রেখে সমাপ্ত করা যেতে পারে । প্রয়োজনে নতুন করে ফিজিবিলিটি স্টাডি করা যেতে পারে।

**৫.০ সিদ্ধান্ত:**

বিস্তারিত আলোচনান্তে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপে সিদ্ধান্ত গৃহীত হয়:

৫.১ প্রকল্পটি বাস্তবায়নের জন্য পূর্ণাঙ্গ কর্ম পরিকল্পনা তৈরি করতে হবে।

৫.২ প্রকল্পের মূল কারখানা স্থাপনের জন্য প্রয়োজনীয় ডকুমেন্ট তৈরিসহ কার্যক্রম শুরু করতে হবে।

৫.৩ প্রকল্পের মূল কারখানা স্থাপনের নিমিত্ত টেন্ডার ডকুমেন্ট প্রণয়নের জন্য ০৭ কর্ম দিবসের মধ্যে কমিটি গঠন করতে হবে।

৫.৪ প্রকল্প পরিচালক নিয়োগ না হওয়া পর্যন্ত জনাব খোন্দকার হুমায়ূন কবীর, যুগ্ম নিবন্ধক, সমবায় অধিদপ্তর, ঢাকা-কে সাময়িকভাবে প্রকল্প পরিচালক নিয়োগের ভূতাপেক্ষ অনুমোদন প্রদান করা হলো।

৫.৫ প্রকল্পের প্রয়োজনীয় বীজ (হিমায়িত সিমেন) আরডিএ হতে ক্রয় করা যেতে পারে।

৫.৬ প্রকল্পের জন্য ক্রয়কৃত যানবাহন কোথায় কিভাবে ব্যবহৃত হচ্ছে তার ব্যাখ্যাসহ পূর্ণাঙ্গ প্রতিবেদন ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে প্রেরণের জন্য ব্যবস্থাপনা পরিচালক, মিল্কভিটা-কে অনুরোধ করা হলো।

৬.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/৪/২০২৪

(মোসাম্মৎ হামিদা বেগম)
সিনিয়র সচিব
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ